



নারীদের নিরাপত্তায় জীবন দিতেও প্রস্তুত: জামায়াত আমির



জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান বলেছেন, নারীদের সর্বোচ্চ মর্যাদায় অধিষ্ঠিত রেখে তাদের নিরাপত্তা নিশ্চিত করা হবে, প্রয়োজনে জীবন উৎসর্গ করতেও প্রস্তুত আছেন তিনি। কর্মজীবী নারীদের ‘মা-বোন’ উল্লেখ করে তিনি তাদের সম্মান রক্ষায় অঙ্গীকার ব্যক্ত করেন।

সোমবার (২ ফেব্রুয়ারি) সন্ধ্যা সাড়ে ৭টার দিকে চট্টগ্রাম বন্দর কলেজ মাঠে এক নির্বাচনী সমাবেশে এসব কথা বলেন তিনি।

এ সময় নিজের সামাজিক যোগাযোগমাধ্যমের অ্যাকাউন্ট হ্যাক হওয়ার অভিযোগ তুলে ডা. শফিকুর রহমান দাবি করেন, তার নামে কুরচিপূর্ণ বক্তব্য ছড়ানো হয়েছে। কারা এ কাজ করেছে, তা জনসাধারণ বুঝে গেছে বলেও মন্তব্য করেন তিনি এবং সংশ্লিষ্টদের পরিচয় উদ্ঘাটনের কথা জানান।

সমাবেশে আরও উপস্থিত ছিলেন চট্টগ্রাম-৮ আসনে ১১ দলীয় জোটের প্রার্থী জোবাইরুল হাসান আরিফ, চট্টগ্রাম-৯ আসনের প্রার্থী একেএম ফজলুল হক, চট্টগ্রাম-১০ আসনের প্রার্থী শামসুজ্জামান হেলালী, চট্টগ্রাম-১১ আসনের প্রার্থী শফিউল আলমসহ জামায়াত ও ছাত্রশিবিরের কেন্দ্রীয় নেতারা।